



নোবেল শান্তি পুরস্কার ট্রাম্পকে উৎসর্গ করলেন মারিয়া কোরিনা মাচাদো



সংগৃহীত ছবি

ভেনেজুয়েলার গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার সংগ্রামে অবদানের জন্য এ বছরের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন মারিয়া কোরিনা মাচাদো। তবে, তিনি এই সম্মান উৎসর্গ করেছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে, যিনি তার আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন বলে উল্লেখ করেছেন।

২০২৫ সালের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন ভেনেজুয়েলার রাজনীতিক মারিয়া কোরিনা মাচাদো। স্বৈরশাসক নিকোলাস মাদুরো সরকারের বিরুদ্ধে গণতন্ত্র ও মানবাধিকারের পক্ষে তার অবিচল অবস্থানের জন্য তাকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

পুরস্কার পাওয়ার পর সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে মাচাদো লেখেন, “আমি এই পুরস্কারটি উৎসর্গ করছি ভেনেজুয়েলার সেই জনগণের উদ্দেশে, যারা যন্ত্রণার মধ্যেও স্বাধীনতার স্বপ্ন দেখছে, এবং আমাদের আন্দোলনে ডোনাল্ড ট্রাম্পের দৃঢ় ও সিদ্ধান্তমূলক সমর্থনের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে।”

উল্লেখযোগ্যভাবে, ট্রাম্প প্রশাসন মাদুরোর বিরুদ্ধে মাদকপাচারের অভিযোগ তুলে তার হ্রেফতারের আহ্বান জানিয়েছিল। এমনকি এ বছর মাদুরোর অবস্থান সম্পর্কে তথ্য দিলে ৫০ মিলিয়ন ডলার পুরস্কার ঘোষণা করে যুক্তরাষ্ট্র। পাশাপাশি, আন্তর্জাতিক জলসীমায় ভেনেজুয়েলার নৌযানের বিরুদ্ধে অভিযানেরও অনুমোদন দেয় ট্রাম্প প্রশাসন, যেগুলো তারা ‘মাদকপাচারকারী সন্ত্রাসবাদী নেটওয়ার্ক’ হিসেবে উল্লেখ করেছিল। যদিও মাদুরো এসব অভিযোগ অস্বীকার করেছেন।

সূত্র: পলিটিকো।